

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে বিশেষ অনুদানের জন্য গবেষণা প্রকল্প-প্রস্তাব আহ্বান।

প্রতিষ্ঠিত গবেষণা সংস্থা/বিশ্ববিদ্যালয়/বিজ্ঞান-ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থা ও বিভিন্ন ক্ষেত্রে গবেষণা কাজে নিয়োজিত বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, তরুণ ও ক্ষুদ্রে বিজ্ঞানীগণের নিকট থেকে “Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012)”-এ বর্ণিত নির্ধারিত ছকে ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক নিম্নলিখিত ক্যাটাগরীতে বিশেষ অনুদানের জন্য গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছেঃ

(i) জীব বিজ্ঞান (ii) পরিবেশ বিজ্ঞান (iii) ইঞ্জিনিয়ারিং এন্ড এপ্লাইড সাইন্স (iv) ফিজিক্যাল সাইন্স ও (v) ইন্টার ডিসিপ্লিনারী।

২। আবেদনকারীকে গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে গাইডলাইনে উল্লিখিত সকল শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

৩। পরবর্তীতে গাইডলাইনে বর্ণিত শর্তের কোন পরিবর্তন হলে সেটিও আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

৪। প্রকল্প প্রস্তাব দাখিলের সময় নিম্নবর্ণিত তথ্যাদি প্রদান করতে হবেঃ

(i) প্রকল্প প্রস্তাবের সাথে প্রকল্প পরিচালক ও সহযোগী গবেষক এর সাম্প্রতিক সময়ে তোলা ৪ (চার) কপি করে ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(ii) সরকারী সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থার ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে।

(iii) আবেদনপত্রে প্রতিষ্ঠান প্রধান, প্রকল্প পরিচালক এবং সহযোগী গবেষকের স্বাক্ষর ও নামাঙ্কিত সীলমোহর অবশ্যই থাকতে হবে (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের স্থলে রেজিস্ট্রারের নামাঙ্কিত স্বাক্ষর ও সীলমোহর হলেই চলবে)।

(iv) আবেদন ফরম ও গাইডলাইন সংগ্রহের মূল রশিদ।

৫। নিম্নলিখিত গবেষক/বিজ্ঞানীগণকে অগ্রাধিকার দেয়া হবেঃ

(i) যে সকল গবেষক রিনিউএবল এনাজী, ফুড সিকিউরিটি, ক্লাইমেট চেঞ্জ, ও এনভায়রমেন্টাল সাইন্স সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পসহ দেশের বর্তমান চাহিদার সাথে সংগতিপূর্ণ গবেষণা প্রকল্প দাখিল করবেন;

(ii) যে সকল গবেষক বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত প্রকল্প অনুদান এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান/গবেষণা প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ নিয়ে যৌথভাবে গবেষণা কর্ম পরিচালনা করছেন বা করবেন;

(iii) ইতোপূর্বে যে সকল বিজ্ঞানী/গবেষকগণ এ অনুদান গ্রহণ করে গবেষণার ফলাফলের বিষয়ে প্রতিবেদন/রিপোর্ট/পেপার এবং পেটেন্ট জাতীয় এবং আন্তর্জাতিক পত্রিকায় প্রকাশ করেছেন;

(iv) উল্লিখিত যন্ত্রপাতি/দ্রব্যের বাজারে প্রতিযোগিতামূলক যোগ্যতা রয়েছে এমন গবেষককে;

(v) যারা ইতোপূর্বে অনুদান গ্রহণ করে ফলপ্রসূ ও উৎসাহব্যাঞ্জক কর্ম সম্পাদন করেছেন তাঁদের গবেষণা কর্মের ধারাবাহিকতা বজায় রাখার জন্য পুনরায় প্রকল্প দাখিল করেছেন। তবে যে সকল গবেষক বিগত ৫ (পাঁচ) বছরে এক বা একাধিকবার গবেষণা অনুদান পেয়েছেন তাঁদের গবেষণার অগ্রগতির স্বপক্ষে উপযুক্ত প্রমাণাদি প্রকল্প প্রস্তাবের সাথে সংযুক্ত করবেন;

(vi) বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত গবেষণা কার্যক্রম যা দেশের আর্থ সামাজিক উন্নয়ন/দারিদ্র বিমোচন/নারী উন্নয়নে সহায়ক ফলাফল ধর্মী (result oriented) এমন গবেষণা।

৬। প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যেমনঃ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ডিসি/রেজিস্ট্রার, অন্যান্য সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক বা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা/যাচাই-বাছাইপূর্বক প্রেরণ করতে হবে।

৭। সংশ্লিষ্ট গাইডলাইন (নীতিমালা) ও আবেদনপত্রের ফরম (১) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ড. কুদরাত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা, (২) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, শেরে-ই-বাংলানগর, আগারগাঁও, ঢাকা ও (৩) ব্যান্ডক, আগারগাঁও, ঢাকা থেকে ১০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে সংগ্রহ করা যাবে। তাছাড়া মন্ত্রণালয়ের Website:[www.most.gov.bd](http://www.most.gov.bd) থেকে আবেদনপত্র ও গাইডলাইন সংগ্রহ করা যাবে, তবে প্রকল্প জমা দেয়ার সময় গাইড লাইন ও আবেদন ফরম ক্রয়ের মূল রশিদ অবশ্যই জমা দিতে হবে। আগামী ৩০ জুলাই ২০১৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প প্রস্তাবের ৫ (পাঁচ) কপি (প্রস্তাবিত প্রকল্প সিডি-তে সফট কপিসহ) মন্ত্রণালয়ের অধিশাখা-৯ এ অবশ্যই পৌছাতে হবে।

৮। অসম্পূর্ণ গবেষণা প্রস্তাব বিবেচনার জন্য গণ্য হবে না।

৯। যোগ্যতা, দক্ষতা ও প্রকল্পের মান বিবেচনা করে স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে অনুদান প্রদান করা হবে। যে কোন রকম তদবীর/ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১০। গবেষণা প্রস্তাব গ্রহণ বা বাতিলের সকল ক্ষমতা মন্ত্রণালয় সংরক্ষণ করে।